



# পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

বিদ্যাসাগর ভবন

৯/২, ব্লক-ডি. জে., সেক্টর-২, সল্টলেক সিটি,

কলকাতা-৭০০০৯১

নং-L/PR/64/2019

তারিখ: 13/03/2019

## প্রেস বিবৃতি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এবছর ২০১৯ সালের উচ্চমাধ্যমিকের একাদশ দিনের তথা শেষ দিনের পরীক্ষাও (১৩/০৩/২০১৯) অত্যন্ত নির্বিঘ্নে ও শান্তিপূর্ণ ভাবে সুসম্পন্ন হয়েছে। কোনো অঞ্চল থেকে কোনো অভিযোগ আসেনি।

গত ২৬ ফেব্রুয়ারি থেকে পরীক্ষা শুরু হয়েছিল এবং আজ ১৩ মার্চ পরীক্ষা শেষ হল। আনন্দের বিষয় এই যে, এ বছরও উচ্চমাধ্যমিক পরীক্ষা অত্যন্ত সুষ্ঠুভাবে ও ত্রুটিহীন ভাবে সম্পন্ন হয়েছে। পরীক্ষা পরিচালনার কাজে যাঁরা প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে যুক্ত ছিলেন তাঁরা প্রত্যেকেই অত্যন্ত নিপুণভাবে দায়িত্ব পালন করেছেন। রাজ্য প্রশাসন, স্বরাষ্ট্র দপ্তর, পুলিশ-প্রশাসন, স্কুল শিক্ষা দপ্তর, জেলা প্রশাসন সহ রাজ্য সরকারের প্রতিটি দপ্তর অত্যন্ত সজাগ ও সতর্ক ছিলেন এবং সব রকম সহযোগিতা করেছেন। জেলা উপদেষ্টামন্ডলীর সকল সদস্য, সংসদ নমিনি, শিক্ষক-শিক্ষিকা, শিক্ষাকর্মী ও শিক্ষক সংগঠনের সদস্যবৃন্দ এবং সংসদের আধিকারিক ও কর্মীরা পরিশ্রম করেছেন এবং সকলের সার্বিক সহযোগিতার ফলে পরীক্ষা এতো নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে।


এই ক'দিনের পরীক্ষার মধ্যে বিভিন্ন জেলায় কয়েকজন পরীক্ষার্থী অসুস্থ হয়েছে, কয়েকজন পথ দুর্ঘটনায় পড়েছে কিন্তু আনন্দের বিষয় যে, তারা প্রত্যেকেই হাসপাতালে, নার্সিংহোমে কিংবা বিশেষ কেন্দ্রে পরীক্ষায় বসতে পেরেছে।

Invigilator, Centre-In-Charge, Centre Secretary ও Venue Supervisor – দের তৎপরতা ও কড়া নজরদারীর ফলে পরীক্ষার হলে কোনো টোকাটুকি বা বিশৃঙ্খলার সুযোগ সৃষ্টি হয়নি। পরীক্ষার প্রশ্নপত্র পেয়ে পরীক্ষার্থীরাও খুশি হয়েছে।

এই ক'দিনের পরীক্ষায় ১৮টি মোবাইল বাজেয়াপ্ত হয়েছে এবং প্রত্যেকের পরীক্ষা বাতিল হয়েছে। রেজিস্ট্রেশন বাতিলের বিষয়টি সম্পর্কে পরবর্তী সিদ্ধান্ত সংসদের Misconduct & Malpractice Enquiry কমিটি গ্রহণ করবে।

আমরা সংসদের পক্ষ থেকে সংবাদ মাধ্যমসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

১৩ মার্চ, ২০১৯

  
ডঃ মহুয়া দাস  
সভাপতি